

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd



স্মারক নং: এনসিটিবি/স্মারক/২০২৩/২০৫৬/২৬৭

তারিখ: ২৭/০৬/২০২৪

বিষয়: "Effectiveness of the Curriculum" ও "Need assessment & Situation Analysis" Study প্রসঙ্গে

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড উপরোক্ত দুটি স্টাডি চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি অনুযায়ী সম্পন্ন করার কাজ শুরু করেছে। উল্লেখ্য, প্রোগ্রাম-৪ ডকুমেন্ট মোতাবেক প্রাক প্রাথমিক ও প্রাথমিক শিক্ষাক্রম পরিমার্জন সম্পর্কিত কার্যক্রম ২০১৯ সালে সম্পন্ন করতে হবে। শিক্ষাক্রম পরিমার্জন কার্যক্রম শুরুর পূর্বে উল্লেখিত স্টাডি দুটি চলতি বছর অর্থাৎ ২০১৮ এ অবশ্যই সম্পন্ন করতে হবে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ইতোমধ্যে স্টাডি দুটির কার্যক্রম সম্পন্ন করার লক্ষে একটি টেকনিক্যাল কমিটি গঠন করেছে।

উল্লেখিত স্টাডি দুটি যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সম্পন্ন করা হবে তার একটি তালিকা প্রণয়ন করা হয়েছে (তালিকা সংযোজিত)। এই তালিকা প্রণয়নে যে সকল মানদণ্ড বিবেচনা করা হয়েছে তা নিম্নরূপঃ

- বিদ্যালয়ের ধরনঃ সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং সম্প্রতি জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়
- শহর-গ্রাম অনুপাত
- বিদ্যালয়ে গমনে সুবিধা / সুবিধাজনক অবস্থান
- বিদ্যালয়ের মোট শিক্ষার্থীর সংখ্যা অনুযায়ী
- ভৌগোলিক অবস্থানঃ সমতল ভূমি, হাওর, পাহাড়, উপকূল, চর

এখানে উল্লেখ্য, স্টাডি দুটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নির্বাচিত গবেষক, এনসিটিবি এর বিশেষজ্ঞ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা, নেপ এর বিশেষজ্ঞগণ সম্পৃক্ত থাকবেন। তারা যে সকল কার্যক্রম সম্পাদন করবেন সেগুলো হলো নির্বাচিত বিদ্যালয়ের শ্রেণি কার্যক্রম অর্থাৎ শিক্ষক কিভাবে শিখন-শেখানো পদ্ধতি/ কৌশল/ কার্যাবলি পরিচালনা করছেন তা নিবিড় ও লাগাতার ভাবে পর্যবেক্ষণ করবেন, শিক্ষার্থী, শিক্ষক, শিক্ষা কর্মকর্তা, মাতাপিতা/অভিভাবক, এসএমসি, পিটিএ ও সংশ্লিষ্ট অংশীজনের সাক্ষাৎকার গ্রহণ, ফোকাল গ্রুপ আলোচনা পরিচালনা, বছর সমাপনান্তে প্রাক প্রাথমিক ও প্রাথমিক স্তরের সকল শ্রেণির বিভিন্ন বিষয়ের মূল্যায়ন অভীক্ষা পরিচালনা করা, মূল্যায়ন পত্র পরীক্ষা করা, বিভিন্ন তথ্য, উপাত্ত সংগ্রহ, টেলিফোন, বিশ্লেষণ করা ইত্যাদি। স্টাডি দুটির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নির্বাচিত বিদ্যালয়ের সকল শিক্ষক, সহকারী উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা, উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাগণের সার্বিক সহযোগিতা একান্ত প্রয়োজন। এ প্রসঙ্গে পত্রের মাধ্যমে স্টাড়ির আওতাভুক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট উপজেলা/থানা ও জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের অবহিত করা প্রয়োজন।

এমতাবস্থায় স্টাডি দুটি যেহেতু অত্যন্ত গুরুত্বপূর্ণ সেহেতু আপনার সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

মহাপরিচালক  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা

বিতরণঃ

- ১) জনাব মোঃ আব্দুর রউফ  
পরিচালক (প্রশিক্ষণ),  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর,

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মহাপরিচালকের দপ্তর	
অধিঃ :	
<input checked="" type="checkbox"/>	সিটি/সিডি/সিডি/সিডি
<input type="checkbox"/>	পরিচালক (প্রশিক্ষণ)
<input type="checkbox"/>	পরিচালক (প্রশিক্ষণ)
<input checked="" type="checkbox"/>	পরিচালক (প্রশিক্ষণ)
<input type="checkbox"/>	পরিচালক
<input type="checkbox"/>	পরিচালক (প্রশিক্ষণ)
<input type="checkbox"/>	পরিচালক (প্রশিক্ষণ)
<input type="checkbox"/>	পরিচালক (প্রশিক্ষণ)
<input type="checkbox"/>	সিটি/সিডি/সিডি/সিডি
<input type="checkbox"/>	প্রাক পরিচালক
<input type="checkbox"/>	সিটি/সিডি/সিডি/সিডি
<input type="checkbox"/>	উপপরিচালক
<input type="checkbox"/>	সহকারী পরিচালক

২৭/০৬/২৪  
(প্রফেসর নারায়ন চন্দ্র সাহা)  
চেয়ারম্যান  
ফোনঃ ৯৫৬৫৪৩২

দৃষ্টি আকর্ষণঃ জনাব আতাউর রহমান, সহকারী পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর